


নং- ৪৬.৪২.৮৫০০.০০০.২৭.০৩৪.১৭. ৮৭

১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২৩ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রংপুর জেলা পরিষদের উপ-সহকারী প্রকৌশলী (প্রেষণে) জনাব মোঃ ফজলার রহমান এর শ্রেফতার হওয়ার বিষয়টি গোপন রাখার বিষয়ে ব্যাখ্যা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলা পরিষদে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ ফজলার রহমান এর বিরুদ্ধে গত ১০ নভেম্বর ২০১৭ তারিখ ফেইসবুকে ধর্ম অবমাননার অভিযোগে রংপুরের ঠাকুর পাড়ায় বাড়ী ঘরে হামলা, ভাংচুর ও অগ্নিসংযোগের অভিযোগ উত্থাপিত হয়। এ ঘটনায় গংগাচড়া থানার মামলা নং-জিআর ৩২৯/১৭ এবং রংপুর কোতয়ালী থানার মামলা নং-জিআর ১০৩৬/১৭ এ তাকে এজাহারভুক্ত আসামী করা হয়েছে। এর প্রেক্ষিতে তিনি গত ২৪/১২/২০১৭ তারিখে গ্রেপ্তার হন। কিন্তু এ ধরনের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে তাৎক্ষণিকভাবে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিত করার আবশ্যিকতা থাকলেও তা করা হয়নি।

২। এমতাবস্থায়, জনাব মোঃ ফজলার রহমান এর বিরুদ্ধে ঠাকুর পাড়ায় বাড়ী ঘরে হামলা, ভাংচুর ও অগ্নিসংযোগের অভিযোগ এবং ২৪/১২/২০১৭ তারিখে গ্রেপ্তার হওয়ার বিষয়টি কেন গোপন রাখা হলো তার সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আনজুমনি আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, রংপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।